দৃষ্টান্তের উল্লেখ দ্বারা শ্রীভগবদ্ভক্তির সাধনান্তরের সাপেক্ষত্ব অশক্যসাধ্যত্ব এবং বিলম্বিতত্ব নিরাশ করা হইয়াছে। অর্থাৎ ভক্তি স্বয়ংই অচিন্ত্যপ্রভাব-শালিনী বলিয়া অন্য কোনও সাধনের সাহায্য অপেক্ষা করেন না এবং নিজা সাধ্য প্রেমদানে সামর্থ্যহীনা নহেন, সেই প্রেমদানে বিলম্ব করেন না—ইহাই দেখান হইয়াছে। তাহাই স্পষ্টরূপে পদ্মপুরাণের পাতালখণ্ডের বৈশাখ-মাহাত্ম্যে "পাপানি ভগবদ্ভক্তিস্তথা দহতি তৎক্ষণাৎ"—এই শ্লোকে 'তৎক্ষণাৎ' পদদ্বারা উল্লেখ করা হইয়াছে। ১১॥১৪॥

শ্রীভগবান্ শ্রীউদ্ধবকে বলিয়াছেন। ১২৫।

তথা চ—"কেচিৎ কেবলয়া ভক্ত্যা বাসুদেবপরায়ণাঃ। অঘং ধুন্বন্তি কার্ৎস্ন্যেন নীহারমিব ভাস্করঃ॥ ১২৬॥

টীকা চ—কেচিদিত্যনেনৈবম্ভূতা ভক্তিপ্রধানা বিরলা ইতি দর্শয়তি। কেবলয়া তপআদিনিরপেক্ষয়া। বাসুদেবপরায়ণা ইতি নাধিকারিবিশেষণমেতৎ, কিন্তু অন্যেষামশ্রদ্ধয়া তত্রাপ্রবৃত্তেরর্থাত্তেষ্বেব পর্য্যবসানাদনুবাদমাত্রমিত্যেষা। অত্র ভাস্করো হি কেবলেন স্বরশ্মিনা স্বভাবত এব নীহারং নিঃশেষং ধুনোতি, ন তদর্থং প্রযত্নতঃ তথা বাসুদেবপরায়ণ অপি ভক্ত্যেতি জ্ঞেয়ম্। কিঞ্চ—"ন তথা হ্যঘবান্ রাজন্ পূয়েত তপআদিভিঃ। যথা কৃষ্ণার্পিতপ্রাণস্তৎপুরুষনিষেবয়া॥ ১২৭॥

টীকা চ—এতচ্চ জ্ঞানমার্গাদপি শ্রেষ্ঠমিত্যাহ। ন তথাপূয়েত শুধ্যেত, তৎপুরুষনিষেবয়া কৃষ্ণে অর্পিতা প্রাণাঃ যেনেত্যেষা। অত্র প্রায়শ্চিত্তং বিমর্ষণমিতি জ্ঞানস্যাপি প্রায়শ্চিত্তত্বং পূর্ব্বমুক্তম্। তত এব টীকোক্তমেতচ্চেত্যাদি। তদা ঋতম্ভরধ্যাননিবারিতাঘ ইত্যাদ্যুক্ত্যা ভগবদ্ধ্যাননিবারিতবৃত্রহত্যাপাপস্যেন্দ্রস্য তঞ্চেত্যাদৌ পুনরশ্বমেধবিধানং সাধারণলোকে পাপপ্রসিদ্ধেরেব নিবারণার্থমিতিজ্ঞেয়ম্। ননু কথং তদানীমপ্যাবির্ভূতভগবৎপ্রেমত্বাৎ পরমভাগবতস্য বৃত্রস্য হত্যা ভগবদারা-ধনেনাপি গচ্ছতু। মহদপরাধোঽপি ভোগৈকনাশ্যস্তৎপ্রসাদনাশ্যো বেতি মতম্। উচ্যতে তথাপি ভগবৎপ্রেরণয়া তত্র প্রবৃত্তস্য ইন্দ্রস্য ন তাদৃশো দোষ ইতি তদারাধনমেব তত্র প্রায়শ্চিত্তং বিহিতম্। শ্রীভগবতাপি তদাসুরভাবনিবারণায়ৈব তথোপদিষ্ট-মিত্যনবদ্যম্॥ ৬॥ ॥ শ্রীশুকঃ॥ ১২৬—১২৭॥

৬।১।১৫ শ্লোকে শ্রীশুকমুনি মহারাজ পরীক্ষিৎকে কহিলেন—হে রাজন্! কোনও কোনও সৌভাগ্যবান্ বাসুদেবপরায়ণ ভক্তগণ তপস্যা প্রভৃতি নিরপেক্ষা ভক্তি প্রভাবে সূর্য্য যেমন কুজ্ঝটিকারাশিকে বিনাশ করেন, তেমনি সম্পূর্ণ পাপরাশিকে বিনাশ করেন। এইপ্রকার মহানুভবগণের সংখ্যা খুবই বিরল॥ ১২৬॥

এস্থানে শ্রীধর স্বামীপাদকৃত টীকার ব্যাখ্যা, যথা—"কেচিৎ" এই পদটি উল্লেখের দ্বারা ইহাই সূচিত হইতেছে যে, এতাদৃশ ভক্তিমার্গ-সম্প্রদায় অতি